ইত্তেফাক

067

68

তারিখ 26.2.79
পৃষ্ঠা ... কলাম ...

# দুই হাজার সালের জনসংখ্যা

ওয়াশিংটন, ২৫শে ফেব্রুয়ারী (এএফপি)—দুই হাজার সাল নাগাদ বিশ্বের জনসংখ্যা ৬০০ কোটির অধিক হইবে। ইহার অর্থ এই শতকের শেষে যাইয়া জনসংখ্যা শতকরা ৫০ ভাগ বৃদ্ধি পাইবে। চলতি সপ্তাহ শেষে সেন্সাস ব্যুরোর এক সমীক্ষায় এই তথ্য প্রকাশ করা হয়। শিল্পোন্নত দেশসমূহের তুলনায় উন্নয়নশীল দেশসমূহে জনসংখ্যা চারগুণ অধিক বৃদ্ধি পাইবে।

সমীক্ষায় বলা হয়, দুই হাজার সাল নাগাদ চীনের জনসংখ্যা দাঁড়াইবে ১৩০ কোটি, ভারতের শত কোটি এবং সোভিয়েট ইউনিয়নের ৩০ কোটি ৯০ লক্ষ।